**কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫**

**প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার**

**বাংলা বিভাগ**

**কোর্স : CVAC**

**ভারতবর্ষ : সমাজ, সংস্কৃতি, ইতিহাস - ২**

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

**যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।** ৭.৫×৪ = ৩০

১। অবনীন্দ্রনাথ ঠাকুরের 'নালক' আজকের সময়েও প্রাসঙ্গিক। এই মন্তব্যটিকে তুমি কীভাবে পড়বে জানাও।

অথবা

২। 'নালক'-এর আখ্যানে যে বহুমাত্রিক জীবনের ছবি পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো।

৩। উদ্যোগ পর্বে নবনীতা দেবসেন নিজের সম্পর্কে লিখছেন ".... আমি হিন্দুও নই, ফিমেলও নই, ধর্মভীরু ভারতীয় মাত্র।" 'করুণা তোমার কোন পথ দিয়ে' পড়ার পর তুমি কি এই কথায় সায় দেবে? যুক্তিসহ নিজের মতামত জানাও।

অথবা

৪। 'করুণা তোমার কোন পথ দিয়ে' ভ্রমণ-আখ্যানে 'উত্তর' ও 'দক্ষিণ' ভারতের তীর্থস্থান বর্ণনার মধ্যে কি বিশেষ কোনো তাৎপর্য তুমি খুঁজে পাও? নিজস্ব মতামত জানাও।

৫। আমির খুসরৌ তাঁর রচনায় এক মিশ্র সংস্কৃতির ভারত রচনা করেছিলেন। তাঁর দুটি রচনার প্রসঙ্গ উল্লেখ করে এই মন্তব্যের গুরুত্ব বুঝিয়ে দাও।

অথবা

৬। মধ্যযুগের ভারতে ঈশ্বরের প্রতি নিবেদিত সন্ত কবিদের গানে ভয়ের বদলে প্রধান হয়ে উঠেছে ভালোবাসা। ভারতের চিন্তা কাঠামো অনেকাংশে গড়ে উঠেছে এই ভালোবাসা দিয়েই। তোমার পড়া কয়েকজন কবির রচনা উল্লেখ করে এ বিষয়ে নিজের মত জানাও।

৭। উপনিষদ-কথিত আরুণি-উদ্দালক আখ্যানটির মধ্যে দিয়ে দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় যে-দার্শনিক সিদ্ধান্তে পৌঁছতে চেয়েছেন তা তোমার নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

অথবা

৮। স্বামী বিবেকানন্দের চিঠিপত্রের মধ্যে দিয়ে তাঁর ভারতবোধের যে-স্বরূপ তোমার কাছে প্রকাশ পায়, তা বুঝিয়ে লেখো।

★ ★ ★